

## সাভারের হেমায়েতপুরে ১৬০০ পিস ইয়াবাসহ দম্পতি আটক



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিচালক (অপারেশনস) এর নির্দেশক্রমে ০১/০১/২০১৪ তারিখ ঢাকা উপ-অঞ্চলের গাঁজীপুর সার্কেল পরিদর্শক জনাব দেওয়ান মোহাম্মদ জিল্লুর রহমান এর নেতৃত্বে একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে ক্রেতা সেজে সাভারের হেমায়েতপুর থেকে

১৬০০ পিস ইয়াবাসহ এক দম্পতিকে আটক করেন। আটককৃতরা হলেন (১) নূর মোহাম্মদ (৩২), পিতা- মৃত কালু মিয়া, গ্রাম-ফুলের দেইন, উপজেলা-টেকনাফ, জেলা-কক্সবাজার এবং নূর মোহাম্মদের স্ত্রী (২) আসমা আক্তার (২৫)।

এ ব্যাপারে সাভার মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।